# Times Today BD

সিনিয়র রিপোর্টার | আন্তর্জাতিক | 14 April, 2025

মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী আবদুল্লাহ আহমদ বাদাবি আর নেই।সোমবার স্থানীয় সময় সন্ধ্যা ৭টা ১০ মিনিটে কুয়ালামপুরের ন্যাশনাল হার্ট ইনস্টিটিউটে তিনি ইন্তেকাল করেন। পাক লাহ নামে পরিচিত বাদাবি ২০০৩ থেকে ২০০৯ পর্যন্ত দেশটির প্রধানমন্ত্রী ছিলেন।মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৫ বছর।

এদিন এক ইনস্টাগ্রাম পোস্টে বাদাবির মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন তার জামাতা ও সাবেক স্বাস্থ্যমন্ত্রী খাইরি জামালুদ্দিন।সাবেক প্রধানমন্ত্রী শ্বাসকষ্ট নিয়ে রোববার সকালে হাসপাতালে ভর্তি হয়েছিলেন বলেও জানান তিনি।

কুয়ালামপুর ন্যাশনাল হার্ট ইনস্টিটিউট এক বিবৃতিতে জানিয়েছে, হাসপাতালে আসার সঙ্গে সঙ্গেই তাকে নিবিড় পরিচর্যা কেন্দ্রে নিয়ে যাওয়া হয়।তবে চিকিৎসকদের সর্বাত্মক চেষ্টাতেও কাজ হয়নি।এদিকে বাদাবির ইন্তেকালে শোক প্রকাশ করেছেন দেশটির প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম।

উল্লেখ্য, দীর্ঘ ২২ বছর শাসনের পর ২০০৩ সালে মাহাথির মোহাম্মদ পদত্যাগ করেন।এরপর বাদাবি দেশটির প্রধানমন্ত্রী হন।

তার আমলে দেশটিতে ব্যাপকভাবে দুর্নীতি দমন অভিযান চালানো হয়।অর্থনৈতিক ও প্রযুক্তিগত দক্ষতার ওপর নজর দেওয়া হয়।তবে জ্বালানির দাম বাড়ার কারণে দেশব্যাপী পণ্যসামগ্রীর মূল্য বেড়ে যায়।ফলে জনসাধারণের মধ্যে উত্তেজনার সৃষ্টি হয়।এতে তিনি ২০০৯ সালে পদত্যাগ করেন।এরপর অনুষ্ঠিত নির্বাচনে ইতিহাসে প্রথমবারের মতো ক্ষমতাসীন বারিসান ন্যাশনাল কোয়ালিশন হেরে যায়।

সূত্র: রয়টার্স

মালয়েশিয়া প্রধানমন্ত্রী মৃত্যু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 13:44

URL: https://timestodaybd.com/international/483414782